

সিস্টেম এনালিস্ট

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা।
(পত্রবিনিময় শাখা)
www.supremecourt.gov.bd

অতিব জরুরী

বিজ্ঞপ্তি নং- ৬১০ -জি,

তারিখ : ২২/১০/২০১৭ খ্রিঃ।

বিষয়: আইনজীবী সহকারীগণের নির্ধারিত পোষাক ও পরিচয়পত্রসহ আদালত অঙ্গনে প্রবেশ সংক্রান্ত।

- সূত্রঃ ১। ১ই-৩৪৭/০৬ (অংশ-৩)/৪৮৯৮(১-৬) -জি, তারিখ ১৬/০৭/২০১৬ খ্রিঃ বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
২। বাংলাদেশ সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশন-এর স্মারক নং এস,সি,বি,এ-এস/২০১৬-২০১৭/১৪৭, তারিখ: ০৩/১১/২০১৬ খ্রিঃ।
৩। ১ই-৩৪৭/০৬ (অংশ-৩)/৪৮৯৮(১-৮) -জি, তারিখ ১৬/১১/২০১৬ খ্রিঃ বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সুপ্রীম কোর্ট আইনজীবী সহকারী সমিতি কর্তৃক ইস্যুকৃত পরিচয়পত্র এবং নির্ধারিত পোশাক পরিধান করার জন্য আইনজীবী সহকারীগণকে বার বার নির্দেশ দেয়া সত্ত্বেও তাঁদের অধিকাংশ আইনজীবী সহকারী উক্ত নির্দেশ পালন করছেন না। মাননীয় প্রধান বিচারপতির কার্যভার পালনরত মাননীয় বিচারপতি মোঃ আবদুল ওয়াহ্‌হাব মিঞা মহোদয় আইনজীবী সহকারীগণের নির্ধারিত পোষাক ও পরিচয়পত্র ব্যতীত আদালত অঙ্গনে প্রবেশ বন্ধে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সদয় নির্দেশ প্রদান করেছেন।

০২। আগামী ২৯/১০/২০১৭ খ্রিঃ তারিখ হতে বাংলাদেশ সুপ্রীম কোর্টের আইনজীবী সহকারী সমিতি কর্তৃক প্রদত্ত পরিচয়পত্র ও নির্ধারিত পোষাক পরিধান ব্যতীত আইনজীবী সহকারীগণের সুপ্রীম কোর্ট অঙ্গণ ও অত্র কোর্টের শাখাসমূহে প্রবেশ সম্পূর্ণভাবে নিষিদ্ধ করা হলো।

০৩। কোর্ট অফিসার, কোর্ট কীপার ও সুপারিনটেনডেন্টগণ-কে উপরিউক্ত নির্দেশনা কঠোরভাবে পালন করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

০৪। সংশ্লিষ্ট শাখার দায়িত্বরত সহকারী রেজিস্ট্রারগণকে বিষয়টি নজরদারী করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

আদেশক্রমে,

(সোহাগ রঞ্জন পাল)

সহকারী রেজিস্ট্রার (প্রশাসন)

ফোনঃ ৯৫৮৮৪২৯

E-mail: sohag_ar@supremecourt.gov.bd

জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- ১। সহকারী রেজিস্ট্রার (সকল), হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ২। সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ)।
- ৩। কোর্ট অফিসার/কোর্ট কীপার, আপীল বিভাগ/হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ৪। সুপারিনটেনডেন্ট, শাখা, আপীল বিভাগ/হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ৫। সকল নোটিশ বোর্ড।

জ্ঞাতার্থে :

- ১। সভাপতি/সম্পাদক, বাংলাদেশ সুপ্রীম কোর্ট আইনজীবী সমিতি, ঢাকা।
- ২। সভাপতি/সম্পাদক, বাংলাদেশ সুপ্রীম কোর্ট আইনজীবী সহকারী সমিতি, ঢাকা।